ইস্টার্ণ রিফাইনারী পিএলসি.
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম
ওয়েব: www.erl.gov.bd
পার্সোনেল বিভাগ

তারিখ: ১ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.২৫.০০০০.০০০.০৫৩.১২.০০০২.০৯.১০

## বিজ্ঞপ্তি

**বিষয়: শ্রমিক-কর্মচারীদের এসিআর (ACR) দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর সংক্রান্ত।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, ইস্টার্ণ রিফাইনারী পিএলসি-এর শ্রমিক-কর্মচারীগণের কর্মমূল্যায়নের জন্য বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম কোম্পানির ওয়েবসাইট (www.erl.gov.bd) এ আপলোড করা হয়েছে। ফরমটির উভয় পৃষ্ঠায় প্রিন্ট করে প্রযোজ্য অংশ স্বহস্তে পূরণ পূর্বক সংশ্লিষ্ট শ্রমিক-কর্মচারী কর্তৃক অনুবেদনাধীন কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

| ক্রমিক নং | শ্রমিক-কর্মচারীর ধরণ/গ্রেড | গোপনীয় অনুবেদন (ACR) ফরম |
|---|---|---|
| ০১ | শ্রমিক-কর্মচারী<br>[গ্রেড-১ থেকে গ্রেড-৭ (গাড়ী চালক ব্যাতীত)] | এসিআর ফরম ১-কর্মচারী |
| ০২ | গাড়ী চালক<br>[ড্রাইভার, ফায়ার টেন্ডার ড্রাইভার, ক্রেন ড্রাইভার (টেকনিশিয়ান-ক্রেন) ] | এসিআর ফরম ২- গাড়ী চালক |

০২। বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন (ACR) ফরমে বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক বর্ণিত বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন (ACR) দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর এর নির্ধারিত সময়সীমা নিম্নরূপ:

| বিষয় | নির্ধারিত সময় |
|---|---|
| দাখিল | ৩১ জানুয়ারি,২০২৬ |
| অনুস্বাক্ষর | ২৮ ফেব্রুয়ারি,২০২৬ |
| প্রতিস্বাক্ষর | ৩১ মার্চ,২০২৬ |
| ডোসিয়ার সংরক্ষণকারী/পার্সোনেল বিভাগে পৌঁছানো | ৩০ এপ্রিল,২০২৬ |

০৩। ***'বিরূপ মন্তব্য'*** প্রদানের ক্ষেত্রে করণীয়: এসিআর-এ বিরূপ মন্তব্য প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণপূর্বক সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করার জন্য সংশ্লিষ্ট সকলকে (অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী) অনুরোধ করা যাচ্ছে:

৩.১) অনুবেদনাধীন শ্রমিক-কর্মচারীর আচরণ বা কাজে কোন ত্রুটি পরিলক্ষিত হলে অনুবেদনকারী বা প্রতিস্বাক্ষরকারী কর্তৃক 'বিরূপ মন্তব্য' প্রদানের পূর্বে তাঁকে লিখিতভাবে সংশোধনের জন্য আদেশ প্রদান করতে হবে।

৩.২) যথাযথভাবে আদেশ জারি পূর্বক অনুলিপি শ্রমিক-কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে এবং পার্সোনেল শাখায় অনুলিপি প্রদান করতে হবে।

৩.৩) লিখিত আদেশের পরেও সংশোধন না হলে গোপনীয় অনুবেদনে (এসিআর) বিরূপ মন্তব্য প্রদান করা যাবে। বিরূপ মন্তব্য সুস্পষ্ট ও সুনির্দিষ্ট হতে হবে এবং এসিআর এ বিরূপ মন্তব্য লিখার সময় ইতোঃপূর্বে লিখিতভাবে সতর্কীকরণ নোটিশের কপি আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে। উল্লেখ্যে এসিআর এ মোট নম্বর ৬৯ বা তার নিচে হলে তা বিরূপ হিসেবে গণ্য হবে এবং ৩ নং অনুচ্ছেদের নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪। এমতাবস্থায়, ২০২৫ সালের প্রযোজ্য বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন (ACR) যথাযথভাবে দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরপূর্বক নিধারিত সময়সীমা এর মধ্যে যথাযথভাবে (এসিআর নির্দেশনা মোতাবেক) পূরণ পূর্বক পার্সোনেল বিভাগে প্রেরণের অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

১৫-০১-২০২৬
মো: আবু হাসনাত
এ্যাসিসটেন্ট জেনারেল ম্যানেজার (পার্সোনেল)

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি:

১। ম্যানেজিং ডাইরেক্টর, ।
২। জেনারেল ম্যানেজার (সকল)।
৩। ডেপুটি জেনারেল ম্যানেজার (সকল)।
৪। এ্যাসিসটেন্ট জেনারেল ম্যানেজার (সকল)।
৫। ম্যানেজার (সকল)।
৬। সকল সেকশন/কন্ট্রোল রুম/নোটিশ বোর্ড/ওয়েব সাইট/অফিস নথি।

১৫-০১-২০২৬
মো: আবু হাসনাত
এ্যাসিসটেন্ট জেনারেল ম্যানেজার (পার্সোনেল)